# AKASHVANI(AIR)
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 26-07-2026** **Time: 1.30 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, প্রতিরক্ষায় আধুনিক দেশজ প্রযুক্তির ব্যবহার ভারতকে আত্মনির্ভর করেছে। তিনি আজ আকাশবাণীর ১৩৬-তম মন-কি-বাত অনুষ্ঠানে কার্গিল বিজয় দিবস উপলক্ষে বলেন, দেশ মাতৃকাকে রক্ষার সংকল্পে বীর যোদ্ধারা নিজেদের উৎসর্গ করেছেন।

২) এবছর দেশের স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে হরঘর তিরঙ্গা অভিযান বাস্তবায়িত করতে সার্বিক উদ্যোগ নেওয়া হয়েছে বলে প্রধানমন্ত্রী জানান।

৩) দেশজুড়ে আজ ২৭-তম 'কার্গিল বিজয় দিবস' পালন করা হচ্ছে।

৪) পরীক্ষায় দুর্নীতি রুখতে কেন্দ্র আগামীকাল লোকসভায় 'পাবলিক এক্সামিনেশনস - প্রিভেনশন অফ আনফেয়ার মিনস্ সংশোধনী বিল পেশ করবে।

৫) ভারতের স্কোয়াশ খেলোয়াড় অনাহত সিং বিশ্ব স্কোয়াশ জুনিয়র চ্যাম্পিয়নশিপে শিরোপা জিতে ইতিহাস সৃষ্টি করেছেন।

৬) ভারতীয় আবহাওয়া দপ্তর আজ মধ্য মহারাষ্ট্র, ওড়িশায় অতি প্রবল বৃষ্টির লাল সতর্কতা জারি করেছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গেও ভারি বৃষ্টির পর্বাভাস দেওয়া হয়েছে।

---

প্রতিরক্ষা বাহিনীতে দেশজ প্রযুক্তির ব্যবহার ভারতকে শক্তিশালী করে তুলেছে। আকাশবাণীর মন-কি-বাতর অনুষ্ঠানে ১৩৬-তম পর্বে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, ভারতের সেনাবাহিনীর বীরত্বের পাশাপাশি প্রতিরক্ষা বাহিনীতে আধুনিক দেশজ প্রযুক্তির ব্যবহার দেশকে আত্মনির্ভর করেছে। এই প্রসঙ্গে তিনি ভারতীয় নৌ-বাহিনীতে আইএনএস মহেন্দ্র গিরি অন্তর্ভুক্ত করার কথা উল্লেখ করেন। প্রতিরক্ষা গবেষণা উন্নয়ন সংস্থা - ডিআরডিও সফলভাবে কুশা ক্ষেপণাস্ত্রের পরীক্ষা করেছে।

(বাইট – প্রধানমন্ত্রী দেশজ প্রযুক্তি)

রাজনৈতিক সহযোগিতার পাশাপাশি প্রতিরক্ষা উৎপাদন এবং গবেষণায় ভারত তার বন্ধু দেশগুলির সঙ্গে সহযোগিতায় এক নতুন দিগন্ত তৈরি করেছে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন। প্রতিবেশী দেশ ইন্দোনেশিয়ার সঙ্গে ভারতের ব্রাহ্মস এবং অস্ত্র ক্ষেপণাস্ত্র নিয়ে একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

আজ কার্গিল বিজয় দিবস। এই উপলক্ষে দেশের বীর যোদ্ধাদের অবিস্মরণীয় সাহসের কথা তিনি স্মরণ করেন। প্রধানমন্ত্রী বলেন, দেশমাতৃকাকে রক্ষার সংকল্পে বীর যোদ্ধারা তাদের সবকিছু উৎসর্গ করেছেন। দেশ তাঁদের বীরত্ব নতুন প্রজন্মের কাছে পৌঁছে দিয়েছে।

(বাইট – প্রধানমন্ত্রী/ কার্গিল দিবস)

চৌঠা জুলাই থেকে দেশজুড়ে বৃষ্টির জল সংরক্ষণে এক বিশেষ অভিযান শুরু হয়েছে। এপ্রসঙ্গে প্রধানমন্ত্রীর বলেন, বৃষ্টির জল সঞ্চয় দেশের জল সংরক্ষণে এবং বৃক্ষ রোপনের এক নতুন মাত্রা সংযোজিত করেছে। মজে যাওয়া পুকুর সংস্কার করে এখন গ্রাম ও শহরের মানুষ নতুন উদ্যোগে কাজ করছে। এপ্রসঙ্গে তিনি মধ্যপ্রদেশের সিধি জেলায় দেড় হাজার পুকুর খননের কথা উল্লেখ করেন। দেশের বিভিন্ন প্রান্তে

পুকুরগুলিকে ব্যবহারযোগ্য করে তোলার অভিযান যথেষ্ট ফলপ্রসু হচ্ছে বলে তিনি উল্লেখ করেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন  এক পেড় মা-কে নাম অভিযানে দেশজুড়ে বিপুল সাড়া পাওয়া গেছে। আমেদাবাদের ভাডু এলাকায় এক ঘন্টার মধ্যে ২৫ হাজারেরও বেশি মানুষ সাড়ে তিন লক্ষেরও বেশি গাছ রোপন করেছে। এই প্রচেষ্টা গিনেস বুক অফ ওয়ার্ল্ড রেকর্ডসে লিপিবদ্ধ হয়েছে।

(বাইট -এক পেড় মা-কে নাম /প্রধানমন্ত্রী)

গুজরাটের গির অরণ্যে প্রায় ৬০ বছর পর ইন্ডিয়ান গ্রে হর্নবিল পাখির আবার খোঁজ মিলেছে। তাদের সংরক্ষণে যথাযথ ব্যবস্থা নেওয়া হচ্ছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁর মন-কি-বাতে বলেন, প্লাস্টিক দূষণ গোটা বিশ্বের পরিবেশের কাছে চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। প্লাস্টিক আবর্জনা সঠিক ব্যবহারের ওপর তিনি জোর দেন। এপ্রসঙ্গে তিনি রিসাইকেল করা প্লাস্টিকের বেঞ্চের কথা উল্লেখে করেন।

(বাইট – রিসাইকেল/প্রধানমন্ত্রী)

বিজ্ঞানে ভারতীয় যুবাদের সাফল্যের কথা প্রধানমন্ত্রী তার মন কি বাত এ তুলে ধরেন। তিনি বলেন ফিজিক্স কেমিস্ট্রি বায়োলজি এবং ম্যাথমেটিক্সের অলিম্পিয়াডে দেশের ছাত্র-ছাত্রীরা অসাধারণ সাফল্য প্রদর্শন করেছেন।  তাদের জন্য গোটা দেশ গর্বিত। গত এক দশকে ভারতের যুবারা ফিজিক্স অলিম্পিয়াডে সোনা অথবা রুপোর পদক জিতেছে।

প্রধানমন্ত্রী অন্য আর একটি প্রসঙ্গে মণিপুরের জ্যোর্তি পদার্থবিদ ডক্টর রোনাল্ড লেসরাম-এর কথা উল্লেখ করেন। তিনি বিজ্ঞান ও সৃজনশীল দক্ষতার মাধ্যমে চমৎকার কাজ করে চলেছেন।

আগামী ৭-ই আগস্ট জাতীয় হ্যান্ডলুম দিবস। দেশের বয়নশিল্পীরা এই হস্তশিল্পে তাদের সৃজনশীলতার প্রকাশ ঘটাচ্ছে। ভোকাল ফর লোকালের আদর্শ এই হস্তশিল্পের মাধ্যমে আগামী দিনে আরও বিকশিত হবে বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেন।

প্রাক্তন রাষ্ট্রপতি ভারত রত্ন ডক্টর এ পি জে আব্দুল কালামের প্রয়াণ দিবস আগামীকাল ২৭-শে জুলাই। তাঁর ব্যক্তিত্ব, গোটা দেশের কাছে প্রেরণা স্বরূপ। শিক্ষকের ভূমিকায় ডক্টর কালাম শিশু ও যুবশক্তির কাছে আদর্শ হয়ে আছেন।

(বাইট – কালাম আদর্শ প্রেরণা/প্রধানমন্ত্রী)

আর কিছুদিনের মধ্যেই দেশ স্বাধীনতার মহোৎসবে যোগ দেবেন। তেরঙ্গায় রয়েছে দেশের সংবিধানের আদর্শ। এবছরও হরঘর- তিরঙ্গা অভিযান বাস্তবায়িত করতে সার্বিক প্রয়াস চালানো হবে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন।

প্রধানমন্ত্রী এব্যাপারে দেশবাসীর কাছে পরামর্শ চেয়েছেন। তিনি মাই গভ পোর্টালের মাধ্যমে দেশবাসীর মতামত আহ্বান করেছেন।

গ্লাসগোয় শুরু হয়েছে কমনওয়েলথ গেমস। এই গেমসে ভারতের ক্রীড়াবিদদের উদ্দেশ্যে তিনি শুভেচ্ছা জানান। ইদানিংকালে ভারতীয় ক্রীড়াবিদদের সাফল্যের কথাও প্রধানমন্ত্রী তুলে ধরেন।

-----------------

কার্গিল যুদ্ধে শহীদ ভারতীয় সেনা জওয়ানদের বীরত্বের প্রতি শ্রদ্ধা জানাতে আজ দেশজুড়ে ২৭-তম ‘কার্গিল বিজয় দিবস’ পালন করা হচ্ছে। পাকিস্তানের বিরুদ্ধে

ভারতের জয় এবং ‘অপারেশন বিজয়’-এর সফল সমাপ্তি উপলক্ষ্যে এই দিনটি পালিত হয়।

উল্লেখ্য, ১৯৯৯ সালে এই যুদ্ধে জম্মু ও কাশ্মীরের কার্গিল জেলায় পাকিস্তানি সেনার দখলে এলাকাগুলো পুনরুদ্ধার করেছিল ভারতীয় সশস্ত্র বাহিনী।

কার্গিল বিজয় দিবস উপলক্ষে, রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, বিদেশমন্ত্রী ড. এস জয়শঙ্কর দেশের ঐক্য ও অখণ্ডতা রক্ষায় আত্মবলিদানকারী সকল বীর সেনানীর স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন।

----------------

দেশে প্রশ্নফাঁস রোধে কঠোর পদক্ষেপ নিতে চলেছে কেন্দ্র সরকার। আগামীকাল লোকসভায় **পাবলিক এক্সামিনেশনস প্রিভেনশন অব আনফেয়ার মিন্স** সংশোধনী বিল ২০২৬ পেশ করবেন কেন্দ্রীয় মন্ত্রী ডক্টর জিতেন্দ্র সিং। তিনি **পাবলিক এক্সামিনেশনস প্রিভেনশন অব আনফেয়ার মিন্স অ্যাক্ট** 2024 এ সংশোধনের জন্য এই বিলটি পেশ করবেন। নতুন এই খসড়া বিলে দোষী ব্যক্তিদের নূন্যতম সাজা পাঁচ বছর থেকে সর্বোচ্চ ১০ বছর করার প্রস্তাব রয়েছে। একই সঙ্গে ৫০ লক্ষ টাকা পর্যন্ত আর্থিক জরিমানার প্রস্তাব রাখা হয়েছে।

----------------

বিদেশ মন্ত্রক কৃষ্ণ সাগর (Black Sea) অঞ্চল দিয়ে চলাচলকারী বা সেখানে বাণিজ্যিক জাহাজে কর্মরত ভারতীয় নাগরিকদের ওই অঞ্চলে নিরাপত্তা সংক্রান্ত পরিস্থিতি সম্পর্কে প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন করতে অনুরধ করেছে । উত্তপ্ত পরিস্থিতির কারণে কৃষ্ণ সাগর ও এর সংলগ্ন সামুদ্রিক এলাকায়

নিরাপত্তা ব্যবস্থা স্থিতিশীল নয়। এই জলসীমায় চলাচলকারী বাণিজ্যিক জাহাজগুলি ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলাসহ বিভিন্ন ধরনের সংকটের মুখে পড়ছে। চলতি বছরের এপ্রিল মাস থেকে বাণিজ্যিক জাহাজের ওপর এ ধরনের হামলার ঘটনা বেড়েছে এবং এর ফলে পাঁচজন ভারতীয় নাগরিকের মর্মান্তিক মৃত্যু হয়েছে।

নির্দেশিকায় ভারতীয় নাগরিকদের পরামর্শ দেওয়া হয়েছে যেন তারা নিয়োগকর্তা, নিয়োগকারী সংস্থা এবং জাহাজ পরিচালনাকারীদের কাছ থেকে জাহাজের সম্ভাব্য যাত্রাপথ, যাত্রাপথে থামার বন্দর (ports of call), নিরাপত্তা ব্যবস্থা, বিমা সুবিধা এবং জরুরি পরিস্থিতি মোকাবিলার পদ্ধতি সম্পর্কে বিস্তারিত তথ্য সংগ্রহ করেন।

ভারতীয় নাগরিকদের 'ডাইরেক্টরেট জেনারেল অফ মেরিটাইম অ্যাডমিনিস্ট্রেশন' ও সংশ্লিষ্ট সরকারি কর্তৃপক্ষের জারি করা নির্দেশিকা নিয়মিত অনুসরণ ও মেনে চলতে অনুরধ করা হয়েছে। এছাড়া যেসব ভারতীয় নাগরিকের সহায়তার প্রয়োজন হবে, তাঁদের ওই অঞ্চলের ভারতীয় দূতাবাস বা কনস্যুলেটগুলোর সাথে যোগাযোগ করতে পরামর্শ দেওয়া হয়েছে ।

----------------

জম্মুর বেস ক্যাম্প থেকে প্রায় সাড়ে চার হাজার জন তীর্থযাত্রী আজ অমরনাথের উদ্দেশ্যে যাত্রা শুরু করেছেন । উল্লেখ্য , জম্মু-শ্রীনগর জাতীয় মহাসড়কে বড় ধরনের ভূমিধসের জেরে এই যাত্রা স্থগিত ছিল । পরিস্থিতি নিয়ন্ত্রণে আসার পর আজ কঠোর নিরাপত্তার মধ্যে দলটি গান্দেরবাল জেলার বালতাল বেস ক্যাম্পের উদ্দেশ্যে রওনা হয় । তবে জম্মু থেকে অনন্তনাগ জেলার পাহালগাম বেস ক্যাম্পের দিকে তীর্থযাত্রীদের যাওয়ার অনুমতি ছিল না কারণ সাম্প্রতিক বৃষ্টিতে ক্ষতিগ্রস্ত ওই স্থানে রাস্তা মেরামতির কাজ এখনও চলছে ।

-----------------

ভারতের স্কোয়াশ খেলোয়াড় অনাহত সিং বিশ্ব স্কোয়াশ জুনিয়র চ্যাম্পিয়নশিপে শিরোপা জিতে ইতিহাস সৃষ্টি করেছেন। কানাডার নায়গ্রা-অন-দ্য-লেকে আয়োজিত এই প্রতিযোগিতায় মেয়েদের সিঙ্গলসে শীর্ষ বাছাই অনাহত, ফাইনালে মিশরের রুকাইয়া সালেমকে ৩-০ ব্যবধানে হারিয়ে দেশের প্রথম স্কোয়াশ খেলোয়াড় হিসেবে এই শিরোপা জয়ের ইতিহাস গড়েছেন। ১৮ বছর বয়সী ভারতীয় প্রতিভাবান খেলোয়াড় অনাহত, দ্বিতীয় বাছাই সালেমকে ১১-৩, ১১-৭, ১১-৯ গেমে পরাজিত ক'রে সোনা জয় করেন। দীর্ঘ ১৬ বছরের মিশরীয় একাধিপত্য ভেঙে খেতাব জিতলেন অনাহত।

-----------------

বিশ্ব জুনিয়র স্কোয়াশ চ্যাম্পিয়নশিপের শিরোপা জয়ী প্রথম ভারতীয় হিসেবে অনাহত সিং-কে অভিনন্দন জানিয়েছেন কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী ড. মনসুখ মান্ডভিয়া । সমাজ মাধ্যমে এক বার্তায় তিনি এই জয়কে প্রতিটি ভারতীয়ের জন্য গর্বের মুহূর্ত হিসেবে অভিহিত করেছেন। কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সোনোয়াল বলেছেন, অনাহতের এই জয় ভারতের যুবসমাজ ও 'নারী শক্তি'-র জন্য এক অনুপ্রেরণাদায়ক মুহূর্ত। কেন্দ্রীয় মন্ত্রী হরদীপ সিং পুরী বলেছেন, এই জয় ক্রীড়াক্ষেত্রে ভারতের অবস্থান আরও উজ্জ্বল করেছে ।

-----------------

ভারতীয় আবহাওয়ার দফতর – আই এম ডি আজ মধ্য মহারাষ্ট্র এবং ওড়িশায় অতি প্রবল বৃষ্টির লাল সতর্কতা জারি করেছে। ছত্তিশগড়, গুজরাট, কোঙ্কণ এবং গোয়ায় আগামীকাল পর্যন্ত ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আই এম ডি। গাঙ্গেয়

পশ্চিমবঙ্গ, উপকূলীয় অন্ধ্র প্রদেশ, পূর্ব মধ্য প্রদেশ এবং হিমাচল প্রদেশেও ভারী বৃষ্টির পূর্বাভাস মৌসম ভবনের। জম্মু-কাশ্মীর, লাদাখ, ঝাড়খণ্ড, উত্তরাখণ্ড, পশ্চিম রাজস্থান এবং উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলিতেও একই আবহাওয়া থাকবে বলেও আই এম ডি জানিয়েছে।

---------------- ----------------